# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

**জনসংযোগ ও প্রকাশনা দপ্তর**

**প্রশাসনিক ভবন**

টেলিফোন: ০৮৮২৫৮৮৮৪৪৯৮১


প্রেস বিজ্ঞপ্তি

তারিখ: ১৫-১২-২০২৫

## পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ক্লিন ক্যাম্পাস কর্মসূচি পালন

(১৫-১২-২০২৫): পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আজ সোমবার ক্লিন ক্যাম্পাস কর্মসূচি পালন করা হয়েছে। সকাল ১১টায় উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলামের নেতৃত্বে শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারী, রোভারস্কাউটসহ বিভিন্ন সংগঠন ক্যাম্পাস পরিস্কার পরিছন্নতার কাজে অংশগ্রহণ করেন।

সকাল ১১টায় প্রশাসন ভবনের সামনে থেকে ক্লিন ক্যাম্পাস কর্মসূচি শুরু হয়। এসময় উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম বলেন, পরিস্কার পরিছন্নতা জীবনের জন্য খুবই গুরুত্বপূর্ন। এখন থেকে প্রতিমাসে একদিন ক্লিন ক্যাম্পাস কর্মসূচি পালন করা হবে। নিজেদের ক্যাম্পাস, নিজেদের কর্মস্থলকে নিজেরাই পরিস্কার রাখি এই অঙ্গীকার থেকে সকল শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারীকে এই কর্মসূচিতে অংশগ্রহনের আহবান জানাই।

এরপর বিভিন্ন গ্রুপে ভাগ হয়ে সবাই পুরো ক্যাম্পাস পরিস্কার কাজে হাত লাগান। এসময় ব্যবসায় প্রশাসন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. কামরুজ্জামান, প্রক্টর অধ্যাপক ড. কামরুজ্জামান খান, হল প্রভোষ্ট ড. মো. শাহজাহান আলী, ড. জিন্নাত রেহানা, লায়লা আরজুমান্দ বানু, জ্যৈষ্ঠ শিক্ষক একরামুল হকসহ শিক্ষক-শিক্ষার্থীরা পরিস্কার পরিছন্নতার কাজে অংশগ্রহণ করেন। এছাড়া রোভার স্কাউট ও গ্রীণ ভয়েসের সদস্যরাও অংশগ্রহণ করেন। প্রায় তিনঘন্টা ধরে সবাই কর্মসূচি চলে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে
বার্তা প্রেরক
স্বাক্ষরিত/-
১৫-১২-২০২৫


(মোঃ ফারুক হোসেন চৌধুরী)
অতিরিক্ত পরিচালক
জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা।
মোবাইল নংঃ-০১৭১১৯৪২২১২
faruk_kantho@yahoo.com